

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা
www.shed.gov.bd

এ.পি.এ. টিমের ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এ.পি.এ. টিম প্রধান
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
তারিখ : ০৬ জানুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৩.০০ মিনিট।
সভার স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের ফোকাল পয়েন্ট ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হয়েছে। এ পরিশ্রেঙ্কিতে ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে এ বিভাগের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন APAMS সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এছাড়া অর্ধ-বার্ষিক অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণেরও নির্দেশনা রয়েছে। ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলের পূর্বে বাজেট ব্যবস্থাপনা কমিটি (B.M.C.) এর অনুমোদন প্রয়োজন। এ পর্যায়ে সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) অর্ধ-বার্ষিক অগ্রগতির বিষয়ে জানতে চান। ফোকাল পয়েন্ট জানান যে, জুলাই-ডিসেম্বর'২০২০ পর্যন্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অগ্রগতি সন্তোষজনক। সভাপতি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.২.১ ও ২.৩.১ কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভায় জানতে চান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, ২.২.১ কার্যক্রমে উল্লেখিত নতুন ডিজিটাল সেবা চালুর উদ্যোগ ইতোমধ্যে প্রায় সম্পন্ন হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে “নামলা সংক্রান্ত ডাটাবেজ” ও শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদান সংক্রান্ত ডাটাবেজ” উদ্ভাবনী উদ্যোগ দুটি ফেব্রুয়ারি মাসের মধ্যে ডিজিটাল সেবা হিসেবে চালু করা হবে। ২.৩.১ কার্যক্রমে উল্লেখিত একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়নের লক্ষ্যে ইতোমধ্যে ১৫ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ তারিখে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক গৃহিত ‘কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ’ সেবা পদ্ধতিটি পাইলটিং বাস্তবায়নের অনুমোদন প্রদান করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা ‘কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ’ সেবা পদ্ধতির পাইলটিং সফলভাবে বাস্তবায়নের চূড়ান্ত পর্যায়ে আছে। ফেব্রুয়ারি মাসের মধ্যে সেবাটি সকল শিক্ষা বোর্ডে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হবে। সভায় এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) অর্ধ-বার্ষিক অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩. সিদ্ধান্তসমূহ:

- ৩.১ বাজেট ব্যবস্থাপনা কমিটি (B.M.C.) এর অনুমোদন সাপেক্ষে ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে এ বিভাগের ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন APAMS সফটওয়্যারে এন্ট্রি দিতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
- ৩.২ ১৪ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে এ বিভাগের অর্ধ-বার্ষিক (জুলাই-ডিসেম্বর'২০২০) অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

- ৩.৩ “মামলা সংক্রান্ত ডাটাবেজ” ও শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থীদের আর্থিক অনুদান সংক্রান্ত ডাটাবেজ” উদ্ভাবনী উদ্যোগ দুটি ১৫ ফেব্রুয়ারি মাসের মধ্যে ডিজিটাল সেবা হিসেবে চালু করা হবে;
- ৩.৪ ‘কলেজের গভর্নিং বডি অনুমোদন সহজিকরণ” সেবা পদ্ধতিটি ২৫ ফেব্রুয়ারির মধ্যে সকল শিক্ষা বোর্ড বাস্তবায়ন করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
মোঃ হাসানুল ইসলাম এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
ও
এ.পি.এ. টিম প্রধান

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৫.২০.১৪

তারিখ: ২৩ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. উপসচিব (পরিকল্পনা-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. উপসচিব (এসডিজি শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সহকারী সচিব (বাজেট শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৭. সিনিয়র সহকারী সচিব [কর্মসম্পাদন ব্যবস্থা (মূল্যায়ন) শাখা], মন্ত্রিপরিষদ বিভাগ।
৮. প্রোগ্রামার (আইসিটি অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


মোঃ ফারুকুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অ.দা.)
ফোন: ৯৫৪৬১৫৮
apa@moedu.gov.bd